P 2489

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Verified cert. copy of doct. no. 466 of 1978 regd at Chandannagar Regn. office
15/12/2006

08/12/2006

Query no. 4705 of 2006



Endorsement sheet and signature sheet attached with the document are part of the document.

A. D. S. R.
Chandannagar, Hooghly
5.12.06

জেলা হুগলী, থানা চন্দননগর, ১ নং চন্দননগর মৌজায় অবস্থিত এবং
সরকার নির্ধারিত ১৭.৭১,২৭৮ টাকা মূল্যের ৪ কাঠা ২ ছটাক বা .০৭৩
সহস্রাংশ পরিমিত বাস্তু জমি সায় গৃহাদি সম্পত্তির শুভ দানপত্র দলিল

দানপত্র দাতা : শ্রী সুধীর গোপাল মিত্র, পিতা - ৺মনীন্দ্র গোপাল মিত্র

ধর্ম - হিন্দু, পেশা - অবসর প্রাপ্ত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কর্মচারী, সাকিন

চন্দননগর ষ্টেশন রোড (রাস বিহারী এভিনিউ), বাগবাজার, ডাকঘর ও থানা

চন্দননগর, জেলা হুগলী, পিন - ৭১২ ১৩৬, ভারতীয় নাগরিক।

ক্রমশঃ ... ... পৃষ্ঠা

Arghya Acharya
Advocate

**দানপত্র গ্রহীতা :** শ্রী সুবীর কৃষ্ণ চৌধুরী, পিতা - ৺শ্রীমান কৃষ্ণ চৌধুরী
ধর্ম - হিন্দু, পেশা - চাকুরী, সাকিম - চন্দননগর ষ্টেশন রোড (রাস বিহারী এভিনিউ)
বাগবাজার, ডাকঘর ও থানা - চন্দননগর, জেলা - হুগলী, পিন - ৭১২১৩৬, ভারতীয় নাগরিক।

কস্য শুভ দানপত্র মিদং কার্যাঞ্চাগে নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্নিত জেলা হুগলী, অতিরিক্ত অবর নিবন্ধক চন্দননগর এবং থানা চন্দননগরের সামিল চন্দননগর ষ্টেশন রোড (রাস বিহারী এভিনিউ), বাগবাজার সাকিমের ১ নং চন্দননগর মৌজায় ১২ নং সীটে আর. এস. ১০৯ নং খতিয়ান ভুক্ত আর. এস. ১৭০ নং দাগে তথা এল. আর. ৩৪৪ অকৃষি খতিয়ান ভুক্ত এল. আর. ২৪৬ নং দাগে বাংলা মাপে কম বেশী ৪ কাঠা ৭ ছটাক অর্থাৎ কম বেশী ০.০৭৩০ সহস্রাংশ বাস্তু জমি মায় তদুপরিস্থিত কম বেশী ১৪৩৮ বর্গ ফুট কভার্ড এরিয়া বিশিষ্ট শতাধিক বৎসরের পুরাতন পাকা একতল গৃহাদি মায় সসাজ সম্পত্তি যাহা চন্দননগর পৌর কর্পোরেশনের ১০ নং ওয়ার্ডের পুরাতন ৩৯৮ ও নূতন ৬০১ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে মায় এল. আর. ৩৪৪ নং খতিয়ানে এল. আর. ২৫১ নং দাগে যৌথ পথের স্বত্ত .০০১৩ সহস্রাংশ তাহা অত্র দানপত্রের দ্বারা দানকৃত সম্পত্তি হইতেছে। নিম্ন তপশীল বর্নিত দানকৃত সম্পত্তি অত্র দানপত্র দলিলের সহিত দাখিলীকৃত এবং একাংশীভূত নকশায় 'লাল' রঙের সীমারেখা দ্বারা রঞ্জিত ও বেষ্টিত হইল।

উক্ত তপশীল বর্নিত সম্পত্তি ও অপরাপর সম্পত্তি আদিতে আমার পিতামহ ৺বসন্ত লাল মিত্র মহাশয়ের স্বত্ত দখলী সম্পত্তি ছিল এবং তাঁহার দেহান্তে আমার পিতা ৺মনীন্দ্র গোপাল মিত্র তাঁহার অপর দুই ভ্রাতা যথাক্রমে প্রিয় গোপাল মিত্র এবং লাল গোপাল মিত্রের সহিত সমতুল্যাংশে উত্তরাধিকার সূত্রে উক্ত সমুদয় সম্পত্তি প্রাপ্ত হন। উক্ত ৺মনীন্দ্র গোপাল মিত্র ১৯৪৮ সালের ২৫শে অক্টোবর তারিখে এককেতা বন্টননামা দলিল মূলে আর. এস. ১০৯ নং খতিয়ান ভুক্ত সম্পত্তির মালিক হন এবং তাঁহার মৃত্যুর পর তাঁহার সমুদয় সম্পত্তি তাঁহার উইল মোতাবেক তাঁহার স্ত্রী শ্রীমতী পুষ্পরানী মিত্র এবং তাঁহার পুত্র জ্ঞানগোপাল মিত্র যথাযথ ভাবে নিজ নিজ অংশ প্রাপ্ত হয়েন। এরপর শ্রীমতী পুষ্পরানী মিত্র ইং ১৯৭৪ সালের ১২ই এপ্রিল তারিখে পরলোকগত হইবার পর উপরিউক্ত উইলের শর্তানুসারে পুষ্পরানী মিত্রের অংশ সমুদয়

ক্রমশঃ ... ... পৃষ্ঠা ৩

Arghya Acharya
Advocate

একত্রে আমি অত্র দানপত্র দাতা আমার অপর তিন ভ্রাতা যথাক্রমে সুবোধ গোপাল মিত্র, শান্ত গোপাল মিত্র এবং নব গোপাল মিত্রের সহিত প্রাপ্ত হই।

অতঃপর আমাদিগের অর্থাৎ আমার দানপত্র দাতার এবং উক্ত অপর তিন ভ্রাতার আর. এস. ১০৯ এবং ১১০ নং খতিয়ান ভুক্ত উত্তরাধিকার সুত্রে একত্রে প্রাপ্ত সমুদয় সম্পত্তি এজমালে ভোগদখল করিতে থাকা কালীন অসুবিধা হওয়ায় উক্ত সমুদয় সম্পত্তি আমরা চার ভ্রাতা যথাক্রমে ১) আমি অত্র দান পত্র দলিলের দাতা শ্রী সুধীর গোপাল মিত্র, ২) সুবোধ গোপাল মিত্র, ৩) শান্ত গোপাল মিত্র এবং ৪) নব গোপাল মিত্র ইং ৩১/৩/১৯৭৮ খ্রীষ্টাব্দ অর্থাৎ বঙ্গীয় ১৩৮৪ সালের ১৭ই চৈত্র তারিখে সম্পাদিত, চন্দননগরস্থিত তৎকালীন জয়েন্ট সাব-রেজিষ্ট্রার, শ্রীরামপুর অফিসে নিবন্ধীকৃত ১ নং বহির ১৩ নং ভল্যুমে ১ হইতে ১১ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ইং ১৯৭৮ সালের ৪৬৬ নং আপোষ বিভাগ বন্টননামা দলিল মূলে চারি পক্ষের মধ্যে আপোষে বন্টন করিয়া নিজ নিজ অংশ সমূহ প্রাপ্ত হই। উক্ত বিভাগ বন্টননামা দলিলে প্রথম পক্ষ হিসাবে আমি অত্র দানপত্র দাতা তপশীলোক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া তদ ইস্তক অদ্যাবধি নির্বিবাদে ও নিরুপদ্রবে স্থানীয় ও সরকারী ট্যাক্স ও সকল প্রকার খাজনাদি আদায় দিয়া সম্যকরূপে অপরের স্বত্ত্ব ও সংশ্রব রহিতে, বসবাসের দ্বারা উক্ত সম্পত্তির ১ ষোল আনা মালিকানা ও ভোগদখলে কায়েম থাকাকালীন অবস্থায় আমি পশ্চিম বঙ্গ সরকারের সেরেস্তায় এবং চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনে পুরাতন ৮ নং ওয়ার্ডের পুরাতন ১৭০ নং হোল্ডিং তথা নূতন ১০ নং ওয়ার্ডে পুরাতন ৩৯৮ ও নূতন ৬০১ নং হোল্ডিংয়ে নিজ নাম নথিভুক্ত করাইয়া এবং বর্তমান চলৎকালীন হাল এল. আর. সেটেলমেন্ট রেকর্ডে ১২ নং সীটে ৩৪৪ অকৃষি খতিয়ানে এল. আর. ২৪৬ নং দাগে বাস্তু দালান ১ ষোল আনায় .০৭৩০ সহস্রাংশ সম্পত্তি সহ এল. আর. ২৫১ নং দাগের যৌথ পথের স্বত্ত্ব .০০১৩ সহস্রাংশ রেকর্ডভুক্ত করাইয়াছি।

এক্ষনে আমার বয়স প্রায় ৮০ বৎসর হইতেছে। আমি বহুদিন যাবৎ চাকুরী হইতে অবসর গ্রহন করিয়াছি। বর্তমানে আমার শরীর দিন দিন অপটু এবং কর্মক্ষমতা রহিত হইয়া পড়িতেছে। আগামী দিনে শরীরে কখন কি হয় তাহা বলা যায়না। সেইহেতু আমার

ক্রমশঃ ... ... পৃষ্ঠা ৪

Arghya Acharya
Advocate

জীবদ্দশায় আমার সকল বিষয় আশয় সমূহের একটি সুবন্দোবস্ত করিয়া যাওয়া সমীচীন বলিয়া মনে করি। আমার স্ত্রী শ্রীমতী গীতা মিত্র বর্তমানে জীবিত কিন্তু সে আমার সহিত একত্রে বসবাস না করিয়া আমার নামিত অত্র তপশীলোক্ত সম্পত্তিতেই আলাদা ভাবে বসবাস করে। আমি আমার স্ত্রীকে তাহার সাংসারিক ভরণ পোষনের জন্য প্রতিমাসে যথেষ্ট অর্থ প্রদান করিয়া আসিতেছি। ইহা ব্যতীত আমার উক্ত স্ত্রীর অসুখে-বিসুখে ও বিপদ-আপদে তুমি ও তোমার স্ত্রী তার দেখাশুনা ও খোঁজ খবর করিয়া আসিতেছ এবং ভবিষ্যতে সে যতদিন বাঁচিবে ততদিন পর্যন্ত তোমরা তার দেখাশুনা ও খোঁজ খবর করিবে এ বিষয়ে আমি সুনিশ্চিত হইয়াছি। সেকারনে আমার উপরি উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ আমার স্ত্রীকে প্রদান করিবার কোন ইচ্ছা আমার নাই এবং আমি তাহাকে কোন সম্পত্তি প্রদান করিলাম না। আমার কোন সন্তানাদি নাই। এই বয়সে আমি নিঃসন্তান হইয়া একা জীবন যাপন করিতেছি। তুমি অত্র দানপত্র গ্রহীতা শ্রী সুবীর কৃষ্ণ চৌধুরী আমার বড় শ্যালিকা শ্রীমতী গৌরী চৌধুরীর একমাত্র পুত্র হইতেছ এবং দীর্ঘ ২০-২২ বৎসর যাবৎ আমার নামিত অত্র তপশীলোক্ত সম্পত্তি ও গৃহাদিতে আমার সাথে তোমার স্ত্রী শ্রীমতী রাজ্যশ্রী চৌধুরীকে লইয়া বসবাস করিতেছ এবং আমার প্রতি তোমাদিগের ভক্তি, শ্রদ্ধা ও ভালোবাসার কোন অভাব এ যাবৎকাল আমার চোখে পড়ে নাই। আমার সকল প্রয়োজনে এবং অসুখে-বিসুখে তোমাদিগের অকুণ্ঠ সেবা, শুশ্রুষা, যত্ন, সহানুভুতি ও ভালোবাসা আমাকে মুগ্ধ করিয়াছে। তোমাদিগের পুত্র শ্রীমান সন্দীপন চৌধুরীও আমাকে অত্যন্ত শ্রদ্ধা ভক্তি করে। সেকারণ তোমাদিগকেও আমি আপন সন্তানসম এবং শ্রীমান সন্দীপন চৌধুরীকে আপন পৌত্রসম বলিয়া গন্য করি। তোমাদিগের সঙ্গ, সেবা, ভক্তি ও ভালোবাসা লাভ করিয়া আমার নিঃসঙ্গ জীবনের একাকীত্ব দূরীভূত হইয়াছে এবং সেকারণ আমি তোমাদিগকে প্রানাধিক স্নেহ করি। আমার প্রতি তোমাদিগের এই শ্রদ্ধা ও ভালোবাসা এবং তোমাদিগের প্রতি আমার এই স্নেহের মনোভাব ভবিষ্যতেও আজীবনকালতক অটুট ও বজায় থাকিবে বলিয়া আমার মনে স্থির বিশ্বাস জন্মিয়াছে। ইহা ব্যতীত, আমার এই বৃদ্ধ বয়সে নিম্নোক্ত তপশীল বর্নিত সম্পত্তি আর বেশীদিন তত্ত্বাবধান করিতে পারিব বলিয়া বিশ্বাস নাই। তাই উক্ত সম্পত্তি নিজ ভোগদখলে আর কায়েম রাখিবার কোন বাসনাও আমার নাই, বরং ইহার ভবিষ্যতের সুবন্দোবস্ত করিয়া যাইতে পারিলে পরম নিশ্চিন্ত হইব। তুমি দানপত্র গ্রহীতা তোমার পুত্র পরিবার সমেত আমার সহিত দীর্ঘদিন বসবাস করিয়া আমার উক্ত সমুদয় সম্পত্তি দেখাশুনা এবং রক্ষনাবেক্ষনে আমাকে প্রভূত

ক্রমশঃ ... ... পৃষ্ঠা ৫

Arghya Acharya.
Advocate

সহায়তা করিয়াছ এবং আমার অর্জিত নিম্ন তপশীলোক্ত সম্পত্তির যাহাতে ভবিষ্যতে কোনরূপে ক্ষয়ক্ষতি অথবা রক্ষনাবেক্ষনের অভাব না হয় সেই বিষয়েও তোমরা পুর্নরূপে নজর রাখবে এই মর্মে তোমার প্রতি আমার স্থির বিশ্বাস জন্মিয়াছে তাই আমার জীবদ্দশায় অত্র তপশীলোক্ত সম্পত্তির মালিকানা তোমার অনুকূলে দানপত্র মারফৎ নির্ব্যূঢ় স্বত্ত্বে হস্তান্তর করিয়া তোমাকে অত্র সম্পত্তির ভোগদখলে সুপ্রতিষ্ঠিত করিয়া যাইতে পরিলে আমি সম্পূর্ণরূপে দুশ্চিন্তামুক্ত হই।

এস্থলে উল্লেখ্য যে আমি ইতি পূর্বে আমার নিম্ন তপশীলোক্ত সম্পত্তির জন্য একটি উইল বা চরম পত্র বিগত ইং ১৯৮৮ সালের ৬ই আগষ্ট তারিখে সম্পাদন করি যাহা কলিকাতাস্থিত রেজিষ্ট্রার অফ এ্যাসুরেন্স অফিসে ৩ নং বহির ৩৭১ নং উইল বা চরম পত্র হিসাবে নিবন্ধীকৃত হয়। পরবর্তী কালে আমার মনোভাবের পরিবর্তন হওয়ায় আমি একখানি 'চরমপত্র রহিতকরণ দলিল' ইং ২০০৪ সালের ১০ ই ফেব্রুয়ারি তথা বাংলা ১৪১০ সালের ২৬ শে মাঘ তারিখে সম্পাদন করিয়াছি যাহা অ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রার, চন্দননগর, হুগলী অফিসে নিবন্ধীকৃত এবং তথায় ১ নং বহির ৮ নং ভল্যুমে ১৯৭ হইতে ২০৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ২১০ নং 'চরমপত্র রদ ও রহিতকরণ' পত্র হইতেছে। উক্ত চরমপত্র রহিত করণ দলিলের মাধ্যমে আমি উপরোক্ত ৩৭১ নং চরম পত্র যাহা আমি ইতি পূর্বে ইং ৬/৮/১৯৮৮ তারিখে সম্পাদন করিয়াছিলাম তাহাকে বাতিল, রদ, রহিত এবং অকার্যকর বলিয়া ঘোষণা করিয়াছি।

ইহারও পরে আমি আমার নিম্ন তপশীলোক্ত সম্পত্তির জন্য অপর একটি উইল বা চরম পত্র বিগত ইং ২০০৪ সালের ১০ই ফেব্রুয়ারী তথা বাংলা ১৪১০ সালের ২৬শে মাঘ তারিখে সম্পাদন করি যাহা চন্দননগরস্থিত অ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রার, হুগলী অফিসে নিবন্ধীকৃত এবং তথায় ৩ নং বহির ১ নং ভল্যুমে ৫৯ হইতে ৭০ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ২০০৪ সালের ৭ নং নিবন্ধীকৃত উইল বা চরম পত্র হইতেছে। উক্ত উইল দ্বারা আমি তোমার ও তোমার স্ত্রীর বরাবর আমার স্থাবর সম্পত্তি প্রদান করিবার মনস্থ করিয়াছিলাম। কিন্তু বর্তমানে আমার জীবিতাবস্থাতেই তোমার অনুকুলে দখল ও মালিকানা অর্পন করিলে ভবিষ্যতে আমার মৃত্যুর পর সম্পত্তির প্রোবেট ইত্যাদি নানান ঝামেলা ঝঞ্ঝাট হইতে তুমি মুক্ত থাকিবে এবং তোমাকে আমার জীবদ্দশাতেই উক্ত সম্পত্তির মালিকানা ও দখলে সুপ্রতিষ্ঠিত দেখিয়া নিশ্চিন্ত থাকিব একথা

ক্রমশঃ ... ... পৃষ্ঠা ৬

Arghya Acharya.
Advocate

বিশেষভাবে চিন্তা করিয়া আমি ইতিমধ্যে পুনরায় একটি চরমপত্র রহিত করণ দলিল ইং ২০০৬ সালের ৪ ঠা ডিসেম্বর তথা বাংলা ১৪১৩ সালের ১৮ ই অগ্রহায়ন তারিখে সম্পাদন করিয়াছি যাহা অ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রার, চন্দননগর হুগলী অফিসে নিবন্ধীকৃত এবং তথায় ৩ নং বহির ১ নং ভল্যুমে ৩২৬ হইতে ৩৩৩ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৩৭ নং চরমপত্র বা উইল রদ ও রহিতকরণ পত্র হইতেছে। উক্ত চরমপত্র রহিত করণ দলিলের মাধ্যমে আমি উপরোক্ত ৭ নং চরম পত্র যাহা আমি ইতি পূর্বে ইং ১০/২/২০০৪ তারিখে সম্পাদন করিয়াছিলাম তাহাকে বাতিল, রদ, রহিত এবং অকার্যকর বলিয়া ঘোষণা করিয়াছি এবং এইরূপে অত্র তপশীলোক্ত সম্পত্তি তোমার অনুকুলে সম্পূর্নভাবে, সম্যকরূপে এবং সর্বতোভাবে দান করিবার নিমিত্ত আমি মানসিকরূপে দৃঢ় প্রতিজ্ঞ ও সুনিশ্চিত হইয়াছি।

এক্ষনে আমার উক্ত স্নেহ ভালোবাসার নিদর্শন স্বরূপে এবং আমার সম্পত্তির সুষ্ঠ তত্ত্বাবধান ও রক্ষনাবেক্ষণ কার্যের কথা চিন্তা করিয়া আমার নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি তোমার অর্থাৎ অত্র দানপত্র গ্রহীতার নাম বরাবর নির্ব্যূঢ় স্বত্তে দানপত্র দলিল সম্পাদন পূর্বক দান করিবার প্রস্তাব করিলে পর তুমি দানপত্র গ্রহীতা সেই দান সানন্দ চিত্তে গ্রহন করিতে আগ্রহ প্রকাশ করিয়া উক্ত দানে সম্মতি প্রকাশ করায় আমি দানপত্র দাতা অদ্য তারিখে নিম্ন তপশীল বর্নিত সমুদয় সম্পত্তি যাহার বর্তমান সরকার নির্ধারিত মূল্য ১৭,৭১,২৭৮.০০ টাকা (সতের লক্ষ একাত্তর হাজার দুই শত আটাত্তর টাকা) হইতেছে তাহা তোমার দানপত্র গ্রহীতার নাম বরাবর নির্ব্যূঢ় স্বত্তে দান করিয়া দানকৃত সম্পত্তির দখল তোমার নাম বরাবর পরিত্যাগ করিয়া এবং উক্ত দান তুমি দানপত্র গ্রহীতা গ্রহন করিয়াছ এবং দানকৃত সম্পত্তির দখলাদি বুঝিয়া পাইয়াছ এই মর্মে নিশ্চিন্ত হইয়া অত্র দানপত্র দলিল সম্পাদন করিয়া স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে তপশীল বর্নিত দানকৃত সম্পত্তি মায় তদুপরিস্থিত গৃহাদিতে আমার যাহা কিছু স্বত্ত্ব, স্বামিত্ব, হক, দখল বা অধিকারাদি ছিল তাহা অদ্য হইতে সমুদয় বিলুপ্ত হইয়া তোমার প্রতি বর্তাইল এবং আমি অদ্য হইতে নিম্ন তপশীলোক্ত সম্পত্তিতে চির নিঃস্বত্ত্ব হইলাম।

তুমি অত্র দানপত্র গ্রহীতা অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্নিত দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান হইয়া সেটেলমেন্ট রেকর্ডে নিজ নাম পত্তন করাইয়া

ক্রমশঃ ... পৃষ্ঠা

সরকারী সেরেস্তায় খাজনাদি আদায় দিয়া সর্বপ্রকার দান, বিক্রয়, হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশনগনক্রমে চিরকাল যদৃচ্ছামতে পরম সুখে বসবাসাদির দ্বারা ভোগদখল করিবে তাহাতে আমি মায় আমার ওয়ারিশগন ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালেও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিবনা বা পারিবেনা। কেহ করিলেও তাহা সর্বস্থলে ও সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

এস্থলে বিশেষভাবে উল্লেখযোগ্য যে অত্র তপশীলোক্ত সম্পত্তি আমি দানপত্র দাতা ইতিপুর্বে কাহাকেও দান, বিক্রয়, হস্তান্তর বা কোনরূপ দায় সংযোগাদি করি নাই এবং ইহা সম্পূর্ন নির্দায় ও নির্দোষ থাকা অবস্থায় তোমাকে অর্থাৎ দানপত্র গ্রহীতাকে দান করিলাম।

আরো প্রকাশ থাকে যে যদি ভবিষ্যতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তির স্বত্ত্ব দখল সম্বন্ধে কোনরূপ ভিত্তিহীন, ভ্রমাত্মক বা অত্র দানপত্র দলিল বিরোধী নথিপত্র বা সেটেলমেন্ট রেকর্ড প্রকাশ পায় তাহা হইলে তাহা সম্পূর্ণ বে-আইনী, তঞ্চকী অকার্যকর এবং যোগসাজশী বলিয়া গন্য হইবে। তুমি দানপত্র গ্রহীতা অত্র দানপত্র দলিল বলে উক্তরূপ ভ্রমাদি সংশোধন করাইয়া লইতে পারিবে।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে, আপন ইচ্ছায় ও খুশীতে অত্র দানপত্র দলিল পাঠ করিয়া ইহার মর্ম সকল সম্যকরূপে অবহিত হইয়া এবং অত্র দানপত্র দলিল আমার নির্দেশে ও বর্ননামত প্রস্তুত হইয়াছে এই মর্মে নিশ্চিন্ত হইয়া অত্র শুভ দানপত্র দলিলে আপন সহি সম্পাদন দ্বারা ইহা সম্পাদন করিলাম। ইতি তাং ইং ৫ই ডিসেম্বর ২০০৬ সাল, বাংলা ১৯ শে অগ্রহায়ণ ১৪১৩ সাল।

তপশীল ও চৌহদ্দি

Arghya Acharya.
Advocate

## দানকৃত সম্পত্তির তপশীল

জেলা হুগলী, অতিরিক্ত অবর নিবন্ধক চন্দননগর এবং থানা চন্দননগরের সামিল চন্দননগর ষ্টেশন রোড (রাস বিহারী এভিনিউ), বাগবাজার সাকিমের ১ নং চন্দননগর মৌজায় ১২ নং সীটে আর. এস. ১০৯ নং খতিয়ান ভুক্ত আর. এস. ১৭০ নং দাগে তথা এল. আর. ৩৪৪ অকৃষি খতিয়ান ভুক্ত এল. আর. ২৪৬ নং দাগে বাংলা মাপে কম বেশী ৪ কাঠা ৭ ছটাক অর্থাৎ কম বেশী ০.০৭৩০ সহস্রাংশ বাস্তু জমি মায় তদুপরিস্থিত কম বেশী ১৪৩৮ বর্গ ফুট কভার্ড এরিয়া বিশিষ্ট শতাধিক বৎসরের পুরাতন পাকা একতল গৃহাদি মায় স্বসাজ সম্পত্তি যাহা চন্দননগর পৌর কর্পোরেশনের ১০ নং ওয়ার্ডের পুরাতন ৩৯৮ ও নূতন ৬০১ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে মায় এল. আর. ২৫১ নং দাগে যৌথ পথের স্বত্ত্ব .০০১৩ সহস্রাংশ তাহা অত্র দানপত্রের দ্বারা দানকৃত সম্পত্তি হইতেছে। নিম্ন তপশীল বর্নিত দানকৃত সম্পত্তি দানপত্র দলিলের সহিত দাখিলীকৃত এবং একাংশীভূত নকশায় 'লাল' রঙের সীমারেখা দ্বারা রঞ্জিত ও বেষ্টিত হইল। ইহার বার্ষিক হারাহারি খাজনা বর্তমানে ২৬০ টাকা মাত্র যাহা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বি. এল. এন্ড এল. আর. ও খলিসানী, চন্দননগর সেরেস্তায় সন সন আদায় দিতে হয়।

## দানকৃত সম্পত্তির চৌহদ্দি

| | |
|---|---|
| উত্তরে : | চন্দননগর ষ্টেশন রোড (রাসবিহারী এভিনিউ), |
| দক্ষিনে : | এল. আর. ২৫১ দাগের কমন পথ, সন্ধ্যা চক্রবর্তীর সম্পত্তি এবং তদদক্ষিনে প্রানগোপাল গোস্বামীর সম্পত্তি, |
| পূর্বে : | পাঁচুগোপাল মিত্রের সম্পত্তি এবং |
| পশ্চিমে : | ৩৯৯ নং হোল্ডিং ভুক্ত এ্যাপার্টমেন্ট। |

---

Arghya Acharya
Advocate

ক্রমশঃ ... ... পৃষ্ঠা ৯

অত্র দানপত্র দলিল ৯ নয় ফর্দে প্রস্তুত হইল এবং ইহাতে ৩ জন সাক্ষী রহিল।

আমি দানপত্র গ্রহীতা অত্র দান সানন্দে গ্রহন করিলাম ও দানকৃত সম্পত্তি বুঝিয়া লইলাম।

সুমিত কুমার চৌধুরী
-----------------------------------------------

দানপত্র গ্রহীতার স্বাক্ষর

মুসাবিদাকারক

Arghya Acharya
Regn. No. WB 1813/2002
(অর্ঘ্য আচার্য, অ্যাডভোকেট)

হুগলী জেলা আদালত

কম্পিউটার টাইপ কারক

Satsundar Datta

(সাতসুন্দর দত্ত)

বাগবাজার, চন্দননগর

ইসাদী-

১) Ranjan Pal
S/o Sri G. D. Pal
Kamarpara Road BIL'S LANE
P.O. Chinsurah Dist Hooghly.

২) Somnath Banik
SOMNATH BANIK
S/o Late P. R. Banik
Gopinath Pal Lane, Palpara.
Chandannagar Hooghly

৩) অর্পিতা দত্ত
স্বামী - সৌম্যদীপ দত্ত
বাগবাজার, গোন্দলপাড়া রোড
চন্দননগর

Government Of West Bengal
Office of the ADSR Chandannagar
Chandannagar, Hooghly
Endorsement For deed Number I-02920 of 2006
(Serial No. 02489, 2006)

---

**On 08/12/2006**

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 19481/- ,E = 14/- on:08/12/2006

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed for Gift in f/o others execpt family members, Govt, Local Body has been assessed at Rs- 1771278/- for the chargeability of the Stamp duty and registration fees Certified that the required stamp duty of this document is Rs 106297 /- and the Stamp duty paid as: Impressive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty : Rs 101297/- is paid by the draft no. :359148, Draft date:06/12/2006, Bank name:STATE BANK OF INDIA, Harit V B, recieved on :08/12/2006.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 12.20 on :08/12/2006,at the Office of the ADSR Chandannagar by Sudhir Gopal Mitra,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :08/12/2006 by
1. Sudhir Gopal Mitra, son of Late Manindra Gopal,Rash Behari Avenue,Thana Chandannagore, By caste Hindu,by Profession :Retired Person
Identified By Ranjan Pal, son of G. D. Kamarpara Rd. Sil Lane Chinsurah Hooghly Thana: Chinsurah, by caste Hindu,By Profession :Business.

**Name of the Registering officer :Anil Kumar Ghosal**
**Designation :Addl. District Sub Registrar**
8-12-06

**On 15/12/2006**

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :33(ii),4,5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Deficit Fees paid**

[Anil Kumar Ghoshal]
A.D.S.R.
Office of the Additional District Sub Registrar, Chandannagar
Govt. of West Bengal

---

15-12-06

Government Of West Bengal
Office of the ADSR Chandannagar
Chandannagar, Hooghly
Endorsement For deed Number : I-02920 of 2006
(Serial No. 02489, 2006)

Deficit amount of Registration fees is realized under Article in rupees on 15/12/2006.

Name of the Registering officer :Anil Kumar Ghosal
**Designation :Addl. District Sub Registrar**
15-12-06

[Anil Kumar Ghoshal]
A.D.S.R.
Office of the Additional District Sub Registrar, Chandannagar
Govt. of West Bengal
15-12-06

Government of West Bengal
Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the Additional District Sub Registrar, Chandannagar

/ LTI Sheet of Serial No 02489 / 2006    Document Number | I - XXXXXX , XXXX |

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sudhir Gopal Mitra | |

II . Signature of the person(s) admitting the Execution

| LTI | Sl No | Admission of Execution By | Status | Signature with Date |
|---|---|---|---|---|
|  | 1 | Sudhir Gopal Mitra<br>ps - Chandannagore<br>Rash Behari Avenue Station Rd.<br>Chandannagore Bagbazar, Hooghly | Self | |

3246

**Name of Identifier of above Person(s)**

Ranjan Pal
Kamarpara Rd. Sil Lane Chinsurah
Hooghly

**Signature of Identifier with Date**

(Anil Kumar Ghoshal)
ADSR Chandannagar
- 8 DEC 2006

## DEED PLAN.


MOUZA - CHANDANNAGORE. J.L. NO - 1. SHEET NO - 12. R.S KHATIAN NO - 109. R.S DAG NO - 170. L.R KHATIAN NO - 344 (AKRI), L.R DAG NO - 246. AT STATION ROAD, CHANDANNAGORE DIST - HOOGHLY.

SCALE: 1" = 16'-0".

TOTAL LAND AREA - 4K - 7CH - 0R - 0.073 ACRE. (APPROX)

COVERED AREA = 1438 SFT.

SHOWN IN THUS -










P. Das.

DAS

1/K-613

# দুই হাতের আঙ্গুল-এর ছাপ (টিপ)

## ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা

| বাঁ হাতের আঙ্গুল-এর ছাপ ( টিপ ) | | | ডান হাতের আঙ্গুল এর ছাপ ( টিপ |
|---|---|---|---|
|  | (১) বৃদ্ধাঙ্গুলী | ১ বৃদ্ধাঙ্গুলী |  |
|  | (২) তর্জ্জনী | (২) তর্জ্জনী |  |
|  | (৩) মধ্যমা | (৩) মধ্যমা |  |
|  | (৪) অনামিকা | (৪) অনামিকা |  |
|  | (৫) কনিষ্ঠা | (৫) কনিষ্ঠা |  |

সুবীর গোপাল মিত্র

স্বাক্ষর

[ যে ব্যক্তির দুই হাতের আঙ্গুল-এর ছাপ ( টিপ ) লওয়া হইল ]

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 6**
**Page from 3618 to 3633**
**being No 02920 for the year 2006.**

**(Anil Kumar Ghoshal) 15-December-2006**
**A.D.S.R.**
**Office of the Additional District Sub Registrar, Chandannagar**
**West Bengal**